


জাবি ছাত্রলীগের ৫ নেতা-কর্মীকে সাময়িক বহিষ্কার

জাবি সংবাদদাতা

প্রকাশ : ২৪ মার্চ ২০২৩, ০৮:৫৬



mart
Grand
RAMADAN
bazar



order now

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখার বহিষ্কৃত ছাত্রলীগ নেতা-কর্মীরা। ছবি: ইত্তেফাক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের সহ-সভাপতি সাইফুল ইসলাম বাদলকে মারধরের অভিযোগে মীর মশাররফ হোসেন হল ছাত্রলীগের পাঁচ নেতা-কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করেছে প্রশাসন।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

এছাড়া বহিষ্কৃতরা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে অবস্থান করতে পারবে না বলেও সিদ্ধান্ত নেওয়া হয়।

বৃহস্পতিবার (২৩ মার্চ) দিবাগত রাতে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বহিষ্কৃতরা হলেন বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের সহ সম্পাদক আহমেদ গালিব, আইন ও বিচার বিভাগের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের উপ-আইন বিষয়ক সম্পাদক ইমরুল হাসান অমি, দর্শন বিভাগের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের সহ-সম্পাদক মো. কাইয়ুম হাসান, একই বিভাগের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের কার্যকরী সদস্য মো. আরিফুল ইসলাম এবং প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগকর্মী তানভীরুল ইসলাম। তারা বিশ্ববিদ্যালয়ের ৪৭তম ব্যাচের শিক্ষার্থী।

একই সঙ্গে এ ঘটনা তদন্তে পাঁচ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন আহ্বায়ক বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক শফি মুহাম্মদ তারেক, সদস্য রসায়ন বিভাগের অধ্যাপক শাহেদ রানা, প্রত্নতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক সিকদার মোহাম্মদ জুলকারনাইন ও গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মুর্শেদা বেগম এবং সদস্য সচিব বিশ্ববিদ্যালয়ের আইন কর্মকর্তা মাহতাব উজ্জাহিদ।

সার্বিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে এ ধরনের ঘটনা অপ্রত্যাশিত। এই ঘটনার নিন্দা জানাচ্ছি। মারধর এবং সাম্প্রতিক ঘটনা বিবেচনায় চিহ্নিত পাঁচ জনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৩ মার্চ) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে শাখা ছাত্রলীগের সহ-সভাপতি সাইফুল ইসলাম বাদলকে রড দিয়ে মারধরের ঘটনা ঘটে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর লিখিত অভিযোগ করেন ভুক্তভোগী।

ইত্তেফাক/আরএজে